

ঘূর্ণিঝড় ‘বুলবুল’ মোকাবেলায় সর্বোচ্চ সতর্কবস্থায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স



ঘূর্ণিঝড় ‘বুলবুল’ মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করেছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। সব ধরনের ছুটি বাতিল করে সংশ্লিষ্ট এলাকায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ট্যান্ডবাই রাখা হয়েছে। জেলাগুলোতে প্রস্তুত রাখা হয়েছে ওয়াটার রেসকিউ টিম, ফাস্ট এইড টিম এবং সার্চ অ্যান্ড রেসকিউ টিম।

ঘূর্ণিঝড় ‘বুলবুল’-এর যাবতীয় খবরাখবর সংগ্রহ ও সার্বক্ষণিক যোগাযোগের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর পক্ষ থেকে ৪টি স্বতন্ত্র নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে। নিয়ন্ত্রণ কক্ষগুলোর ফোন নম্বর : ঢাকা-০২-৯৫৫৬৭৫৪, ০১৭১৩০৩৮১৮১; চট্টগ্রাম-০১৭৩০৩৩৬৬৬৬; খুলনা-০১৭৩০৩৬২২০৯ এবং বরিশাল-০১৯৮৩৮৮৬৬৭৭।